

আমাদের কথা

আমরা যারা হোপলেস্ আর ফালতু বাঁচা
আমরা যারা চায়ের ঠেক্ আর টিউশনি - সার
আমরা যারা গলির মোড়ে ক্যারাম - সেপাই
ঘরের খেয়ে দায়িত্ব নিই মোষ তাড়বার

আমরা যারা রক্তদানের শিবির - শায়ী
আমরা যারা বুট্ - ঝামেলা পুজোর চাঁদা
আমরা যারা লজ্জাবিহীন কুলান্দারও
ফুটো পয়সায় ফুর্তি লোটা নবাবজাদা

আমরা -- যারা শব - বাহকের রোজ চেহারা
আমরা যারা ঝাঞ্জা নিয়ে দৌড়ে মরি
আমরা যারা সিঁড়ির মত, এই সমাজে
দুঃশাসনের শির - ভূষণে সলমাজরি

আমরা যারা জ্ঞান বৃক্ষের সুপক্ক ফল
আমরা যারা ইস্তিরি - শার্ট ... ইন্টারভিউ
আমরা যারা লেকের ধারে স্বপ্ন - জুটি
স্ট্যান্ডনা করা ডিগ্রীধারী জে.ইউ., সি.ইউ।

কিংবা কোনো মফঃস্বলের সো - কন্ড ব্রাইট্
আমরা যারা বাজারদরে ডাউন শেয়ার
আমরা যারা গোল খেয়ে আর শোধ দিইনি
আমরা যারা রক পেয়েছি, পাইনি চেয়ার

আমরা যারা অপাঠ্য সব পদ্য লিখি
পেটের কাছে ঘাড় না - পাতা শেষ প্রহরী
পণ্য তো নই বেনের কেনা এই সমাজে
আমরা -- যারা রক্ত বেচে 'কাগজ' করি --

তাদের কাছে পাবার মত কিচ্ছুটি নেই
তাদের কাছে ভাবার মত আছেই বা কি!
আপনারা তাই অবজ্ঞাতে মুখ ফেরালে
আমরা দ্বিগুণ মঞ্জুরাতে হাসতে থাকি...



शुद्धिभवन

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com